DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে


সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Nov 2026, 03:33 PM

সারাদেশ

# উচ্চমাধ্যমিকে সাপ্লিমেন্টারি পরীক্ষায় উত্তীর্ণদের জন্য ভর্তি পরীক্ষায় বসার সুযোগ রাখছে চবি প্রশাসন

প্রতিবেদক: চবি প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ১১ নভেম্বর ২০২৬, ০৯:০৭ PM




সম্পূরক পরীক্ষায় উত্তীর্ণদেরও চবির ভর্তি পরীক্ষায় বসার সুযোগ

এইচএসসি পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য হওয়ার পর সম্পূরক (সাপ্লিমেন্টারি) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০২৬-২৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দিচ্ছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ জন্য ভর্তি পরীক্ষার আবেদনের সময়সীমাও বাড়ানো হচ্ছে।

বুধবার বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (একাডেমিক) মোহাম্মদ আল-আমীন।

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, ২০২৬-২৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় আবেদনের সময়সীমা বাড়িয়ে আগামী ১০ জানুয়ারি পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী, আগামী ২৯ জানুয়ারি থেকে ৮ ফেব্রুয়ারি পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

এ বিষয়ে মোহাম্মদ আল-আমীন বলেন, এইচএসসি পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীরাও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। তাঁদের আবেদনের সুযোগ নিশ্চিত করতে সময়সীমা কিছুটা বাড়ানো হবে, যাতে তাঁরা কোনো ধরনের সমস্যায় না পড়েন।

---

## এ বিভাগের আরও খবর



**ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে অভিযান, আটক ৭ দালালের ৫ জনের কারাদণ্ড**
ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে দালালচক্রের সাত সদস্যকে আটক করেছে জেলা প্রশাসন ও এসআরবি। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাঁদে...



**ট্যালকম পাউডারের ঘোষণায় রাসায়নিক পণ্য আমদানি, ২৫ টন পণ্যসহ ট্রাক জব্দ**
ট্যালকম পাউডার আমদানির ঘোষণা দিয়ে এর আড়ালে উচ্চ শুল্কমূল্যের অন্য রাসায়নিক পণ্য আনার মাধ্যমে রাজস্ব ফাঁকির চেষ্টার অভিযোগ উঠেছে যশোরের বেনাপ...



**পৈতৃক বাড়িতে আগুনের ঘটনায় আওয়ামী লীগকে দায়ী করলেন নুসরাত তাবাসসুম**
কুষ্টিয়ার দৌলতপুরে নিজের পৈতৃক বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনাকে পরিকল্পিত হামলা বলে দাবি করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক ও সংরক...



**বিজয়নগরে তিন প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা**

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার চম্পকনগর বাজারে নিরাপদ খাদ্য ও ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ অভিযানে তিনটি প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://dhakaprobe.com/saradesh/uchchmadhjmike-saplimentari-prikshaj-uttirnder-jnj-bhrti-prikshaj-bsar-sujog-rakhchhe-chbi-prshasn